BIID Foundation

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2026

Nutrition Club
Engaging youth in nutrition

# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

# প্রতিযোগিতার নির্দেশনা

## বিষয়ঃ পাবলিক স্পিকিং

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য **"উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'পাবলি্ক স্পিকিং প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর- কিশোরী, তরুণ-তরুণী এবং  প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।  ৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'পাবলি্ক স্পিকিং  প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'পাবলি্ক স্পিকিং প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**পাবলিক স্পিকিং প্রতিযোগিতা :**

পাবলিক স্পিকিং প্রতিযোগিতা এমন একটি অনুষ্ঠান যেখানে ব্যক্তিরা তাদের বক্তৃতা, যোগাযোগ এবং উপস্থাপনা দক্ষতা প্রদর্শনের লক্ষ্যে শ্রোতাদের সামনে বিষয় ভিত্তিক বক্তৃতা উপস্থাপন করে।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯ - ২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।

**গ্রুপ ক:** নিরাপদ খাবার, সুখী জীবন

**গ্রুপ খ:** উন্নত পুষ্টির জন্য তরুণদের কণ্ঠস্বর

**গ্রুপ গ:** স্থানীয় ব্যবসার ক্ষমতায়ন, পুষ্টিসমৃদ্ধ কমিউনিটি গঠন

**যোগ্যতা:**

- অংশগ্রহণকারীদের অবশ্যই ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'পাবলিক স্পিকিং কম্পিটিশন' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় যোগ দিতে পারবেন।
- শুধুমাত্র একক অংশগ্রহণকারীরাই অংশ নিতে পারবেন।
- অংশগ্রহণকারী, তার অভিভাবক অথবা প্রতিষ্ঠানের ন্যূনতম তথ্যপ্রযুক্তি সুবিধা থাকতে হবে। **(**ফোন, ই-মেইল, হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট**)**।

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO 2026-এর নির্ধারিত ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে হবে। INO 2026 ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করুন এবং রেজিস্ট্রেশনের সময় 'পাবলিক স্পিকিং কম্পিটিশন' নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**পাবলিক স্পিকিং কম্পিটিশন নির্দেশিকা:**

1. **অংশগ্রহণকারীর তথ্য:**
   নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল।
2. **ভাষা:** বাংলা অথবা ইংরেজি।
3. **নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক বাছাই:**

- অংশগ্রহণকারীরা জুম (Zoom) এর মাধ্যমে অনলাইনে অথবা নিজ নিজ বিদ্যালয়ে সশরীরে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় যোগ দিতে পারবেন।
- সশরীরে উপস্থিতির মাধ্যমে আয়োজিত বক্তৃতা প্রতিযোগিতার জন্য, প্রতিটি স্কুল থেকে সেরা ৩ জন বক্তাকে নির্বাচন করা হবে।
- অনলাইন প্রাথমিক পর্বের জন্য জুম (Zoom) লিঙ্ক ই-মেইল এবং হোয়াটসঅ্যাপের মাধ্যমে শেয়ার করা হবে।
- অংশগ্রহণকারীদের ২ মিনিটের মধ্যে বক্তব্য উপস্থাপন করতে হবে।
- অনলাইন অংশগ্রহণকারীদের প্রতিযোগিতা চলাকালীন অবশ্যই তাদের ক্যামেরা চালু রাখতে হবে।
- ১৮ বছরের কম বয়সী অংশগ্রহণকারীদের জন্য পিতামাতা/অভিভাবকের সম্মতিপত্র প্রয়োজন।

**চূড়ান্ত পর্ব:**

- ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬-এ সশরীরে অংশগ্রহণের জন্য প্রতিটি গ্রুপ থেকে ৫ জন করে প্রতিযোগীকে নির্বাচিত করা হবে। নির্বাচিত প্রতিযোগীদের "বক্তৃতা প্রতিযোগিতা"-র জন্য একটি বিষয়বস্তু দেওয়া হবে এবং চূড়ান্ত পর্বের জন্য ৩ মিনিট সময় বরাদ্দ থাকবে।

**স্কোর:**

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ০১ | প্রধান বিষয়বস্তু | ৩০ |
| ০২ | বিষয়বস্তু উপস্থাপন করা | ২০ |
| ০৩ | সঠিক তথ্য এবং ব্যাখ্যা | ২৫ |
| ০৪ | উচ্চারণ | ১৫ |

**বিশেষ দ্রষ্টব্য:**

- জনসমক্ষে বক্তৃতা দেওয়ার ধারণা অংশগ্রহণকারীদের নিজেদেরই তৈরি করতে হবে, তবে পরামর্শদাতাদের কাছ থেকে নির্দেশনা নেওয়ার অনুমতি আছে।
- যেকোনো ধরনের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য বলে গণ্য করা হবে এবং বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- মূল প্রতিযোগিতা চলাকালীন ক্যামেরা সারাক্ষণ চালু রাখতে হবে।
- আন্তর্জাতিক পুষ্টি অলিম্পিয়াড ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীর নাম ঘোষণা করা হবে।

**যোগাযোগ:**

'পাবলিক স্পিকিং প্রতিযোগিতা' সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসার জন্য যোগাযোগ করুন, ফোন: +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ই-মেইল: ino@biid.org.bd।

**একজন অংশগ্রহণকারী অথবা একটি দল সর্বোচ্চ ৩ (তিন)টি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**